# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮২৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যোহর ও আসরের সালাতের কিরা'আত অনুমান করা হতো

## ذكر العلة التي من أجلها حُزِرَ قِرَاءَةُ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الظهر والعصر

আরবী

1823 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ قَالَ: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ عَنْ أَبِي مَعْمَرٍ قَالَ: قُلْنَا لِخَبَّابٍ: هَلْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الظُّهْرِ وَالْعَصْرِ؟ قَالَ: نَعَمْ قُلْنَا: بِمَ كُنْتُمْ تَعْرِفُونَ ذَلِكَ؟ قَالَ: بِاضْطِرَابِ لِحْيَتِهِ)

الراوي : أَبُو مَعْمَرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1823 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (764)

বাংলা

১৮২৩. আবূ মা'মার রহিমাহুল্লাহ বলেন, "আমরা খাব্বাব রাদ্বিয়াল্লাহু আনহুকে বললাম, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহর ও আসরের সালাতে কিরা'আত পাঠ করতেন কি?" জবাবে তিনি বলেন, "হ্যাঁ।" আমরা বললাম, "আপনারা সেটা কিভাবে জানতেন?" জবাবে তিনি বলেন, "তাঁর দাড়ি নড়া দেখে।"[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ৮০১; তাবারানী: ৩৬৮৫; সহীহ আল বুখারী: ৭৪৬; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৬১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৬৭৬; হুমাইদী: ১৫৬; ইবনু মাজাহ: ৮২৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২০৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৯৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৫০৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৬৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মা‘মার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91039

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন